□ ২০২১ সালে নিউজিল্যান্ডের বর্ষসেরা পাখি হিসাবে নির্বাচিত হল বাদুড়। এই দেশটিতে প্রতিবছর ভোটাভুটির মাধ্যমে সেরা পাখি নির্বাচন করা হয়। বাৎসরিক এই অনুষ্ঠানে অনলাইনে ভোট দিয়ে বছরের সেরা পাখি নির্বাচন করেন নিউজিল্যান্ডের পাখি প্রেমীরা। এবছর এই খেতাব জিতল 'পেকাপেকা-তোউ-রোয়া' নামে লম্বা লেজবিশিষ্ট এক বিশেষ প্রজাতির বাদুড়।

□ বিশ্ব জুড়ে সরকারি বা বেসরকারি পরিকাঠামো বিনিয়োগে আগ্রহী সব দেশকে আর্থিক সহায়তা দেওয়ার লক্ষ্যে 'গ্লোবাল গেটওয়ে' নামে এক নতুন সংযোগ প্রকল্প চালু করল 'ইউরোপীয় ইউনিয়ন'। মূলত চিনকে চ্যালেঞ্জ জানাতেই এই প্রকল্প চালু করা হয়েছে। ২০২১ থেকে ২০২৭ সালের মধ্যে ৩০০ বিলিয়ন ইউরো পর্যন্ত বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে, যা নিশ্চিতভাবে চিনের 'বেল্ট অ্যান্ড রোড' উদ্যোগের প্রতিদ্বন্দ্বী হিসাবে আত্মপ্রকাশ করতে চলেছে। এই প্রকল্প মূলত পরিবহণ, ডিজিটাল মাধ্যম, শক্তি পরিকল্পনা বিভাগ ও পরিবেশবান্ধব বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করবে।

□ 'জি-২০' ট্রোইকা'এ যোগ দিল ভারত, যা ইন্দোনেশিয়া, ইতালি ও ভারত নিয়ে গঠিত। ট্রোইকা সদস্য হিসাবে, জি-২০'র আলোচ্যসূচির ধারাবাহিকতা নিশ্চিত করতে ইন্দোনেশিয়া ও ইতালির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে ভারত। ২০২২ সালের ডিসেম্বর থেকে 'জি-২০'র সভাপতিত্ব গ্রহণ করবে ভারত ও ২০২৩ সালে প্রথমবারের জন্য জি-২০ শীর্ষ সম্মেলন আয়োজন করবে ভারত।

২ ডিসেম্বর : আইপিও-বাউন্ড হসপিটালিটি ইউনিকর্ন 'ওয়ো হোটেলস অ্যান্ড হোমস'এর স্ট্র্যাটেজিক গ্রুপ অ্যাডভাইজর হিসাবে মনোনীত হলেন 'ভারতীয় স্টেট ব্যাঙ্কএর প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমার।

□ দেশের স্কুল শিক্ষার মান উন্নত করতে ও শিক্ষার ওপর কোভিড-১৯ মহামারির প্রভাব কমানোর লক্ষ্যে সাহায্য করার জন্য, ভারত সরকারকে ৫০০ মিলিয়ন ডলার ঋণ অনুমোদন করল 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক'।

'বর্ষসেরা মহিলা পুরস্কার' পেলেন অঞ্জু ববি জর্জ

□ ভারতীয় ক্রীড়াক্ষেত্রে অসামান্য অবদানের জন্য, 'বিশ্ব অ্যাথলেটিক্স'এর তরফ থেকে 'বর্ষসেরা মহিলা পুরস্কার' পেলেন কিংবদন্তি ভারতীয় ক্রীড়াবিদ অঞ্জু ববি জর্জ।

□ মূলত, মহিলাদের আরও বেশি করে খেলাধুলার প্রতি আকৃষ্ট করা ও তাঁদের প্রতিভার বিকাশ ঘটাতে অঞ্জু যে ভূমিকা পালন করেছেন, তার স্বীকৃতি হিসাবেই এই সম্মান পেলেন তিনি।

□ রাঁচিতে, মুখ্যমন্ত্রীর আবাসিক কার্যালয় থেকে, 'হামার আপন বাজেট' নামে একটি ওয়েব পোর্টাল ও রাজ্যের অর্থ বিভাগের মাধ্যমে তৈরি একটি মোবাইল অ্যাপ্লিকেশনের উদ্বোধন করলেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। এই পোর্টালের মাধ্যমে, রাজ্যের সাধারণ মানুষ ২০২২-'২৩ বাজেটের জন্য নিজেদের পরামর্শ শেয়ার করতে পারেন। এছাড়াও, ট্যুইটার, ফেসবুক, হোয়াটসঅ্যাপ, ই-মেলের মাধ্যমে ও গুগল প্লেস্টোর থেকে 'হামার বাজেট' অ্যাপ্লিকেশন ডাউনলোড করে নিজেদের পরামর্শ শেয়ার করতে পারবেন রাজ্যের জনগণ।

৩ ডিসেম্বর : 'আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার'এর প্রথম ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন ওই সংস্থারই মুখ্য অর্থনীতিবিদের পদে থাকা গীতা গোপীনাথ, যা আই.এম.এফ'এর দ্বিতীয় সর্বোচ্চ পদ। প্রথম ভারতীয় বা ভারতীয় বংশোদ্ভূত অর্থনীতিবিদ হিসাবে ওই দায়িত্ব সামলাবেন তিনি।

□ ২০২১ সালে 'ইউনেস্কো এশিয়া-প্যাসিফিক অ্যাওয়ার্ডস ফর কালচারাল হেরিটেজ কনজার্ভেশন'এ, ২টি বিভাগে (শ্রেষ্ঠত্ব পুরস্কার ও স্থায়ী উন্নয়নের জন্য বিশেষ স্বীকৃতি) পুরস্কৃত হল দিল্লিতে অবস্থিত ভারতের ঐতিহাসিক নিজামউদ্দিন বস্তি সম্প্রদায়ের সামগ্রিক নগর পুনরুজ্জীবন প্রকল্প 'নিজামউদ্দিন পুনরুজ্জীবন প্রকল্প'। শ্রদ্ধেয় সুফি সাধক হজরত নিজামউদ্দিন আউলিয়ার সমাধির আশেপাশে ২০টিরও বেশি ঐতিহাসিক স্মৃতিস্তম্ভের পুনরুদ্ধার করার বিষয়টি এই প্রকল্পের সঙ্গে জড়িত। প্রসঙ্গত উল্লেখ্য, সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্য, ৬টি দেশের (ভারত, বাংলাদেশ, চিন, জাপান, মালয়েশিয়া ও থাইল্যান্ড) মোট ৯টি প্রকল্পকে এবছর এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

□ ২০২১ সালে 'ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন'এর তরফ থেকে, 'বর্ষসেরা পুরুষ খেলোয়াড়'এর সম্মান পেলেন ডেনমার্কের ব্যাডমিন্টন তারকা ভিক্টর অ্যাক্সেলসেন। অন্যদিকে, 'বর্ষসেরা মহিলা খেলোয়াড়'এর সম্মান পেলেন তাইওয়ানের ব্যাডমিন্টন তারকা তাই জু-ইং।

এরপর আগামী সপ্তাহে

সংকলক : পল্লবী দেওয়ান

৫৭৫ জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

শূন্যপদ : ৮৮টি (জেনাঃ ৩৫, ও.বি.সি. ২৪, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রতিবন্ধী ৪।

সিরিয়াল নং 2: সাউথ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন (801/02) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ডিপ্লোমা কোর্স পাশের পর সিভিল ইঞ্জিনিয়ার হিসাবে অন্তত ২ বছরের পেশাগত কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ৪৮টি (জেনাঃ ২২, ও.বি.সি. ২৪, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

সিরিয়াল নং 3: ইস্ট দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন (801/03) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ডিপ্লোমা কোর্স পাশের পর সিভিল ইঞ্জিনিয়ার হিসাবে অন্তত ২ বছরের পেশাগত কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ১২৩টি (জেনাঃ ৫১, ও.বি.সি. ৩৩, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ১২)। এর মধ্যে প্রতিবন্ধী ৫।

সিরিয়াল নং 4: দিল্লি অ্যাগ্রিকালচারাল মার্কেটিং বোর্ড (801/04) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বিল্ডিং বা, কনস্ট্রাকশনের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ৯টি (জেনাঃ ২, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

সিরিয়াল নং 5: দিল্লি জল বোর্ড (801/05) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্স (সিভিল ওয়ার্ক)-এর কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ৯৮টি (জেনাঃ ৬৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২৩)। এর মধ্যে প্রতিবন্ধী ৪।

সিরিয়াল নং 6: দিল্লি আরবান শেল্টার ইনপ্রুভমেন্ট বোর্ড (801/06) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ৭৫টি (জেনাঃ ৩৭, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১৮)।

সিরিয়াল নং 7: দিল্লি ট্রান্সকো লিমিটেড (801/07) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা২ বছরের পেশাগত অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রতিবন্ধী১।

সিরিয়াল নং 8: দিল্লি স্টেট ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (801/08) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৮০০ টাকা। শূন্যপদ : ৫২টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ১৭, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৩।

সিরিয়াল নং 9: ইরিগেশন অ্যান্ড ফ্লাড কন্ট্রোল (801/09) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৮০০ টাকা। শূন্যপদ : ৫৯টি (জেনাঃ ৩৪, ও.বি.সি. ৮, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৫)।

সিরিয়াল নং 11 : দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশন (801/11) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ১ বছর কাজ করার অভিজ্ঞতা কিংবা ১ বছরের ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৮০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

ওপরের সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/22.

প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি টায়ারের পরীক্ষা হবে। প্রথম টায়ারে ২ ঘন্টার ২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই দু'টি বিষয় : (১) জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, টেস্ট অফ হিন্দি ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন, টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ (প্রতিটি পার্টে ২০ নম্বর করে) - ১০০ নম্বর, (২) সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০টি প্রশ্ন।

দ্বিতীয় টায়ারে আড়াই ঘন্টার ২০০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে : (১) সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন, (২) কনসেপ্ট, প্রবলেম সলভিং ক্যাপাসিটি, কমপ্রিহেন্ড কনটেস্ট ও থিওরিটিক্যাল সংক্রান্ত ১০০ নম্বরে ৫০টি প্রশ্ন হবে। সব ক্ষেত্রে প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.dsssb.delhigovt.nic.in সফল হলে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জানুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://dsssbonline.hic.in, www://dsssb.delhigovt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ফী পেমেন্ট চালান প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। এবার স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

সরকারি চাকরি পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান

মছলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

এখানে চলছে সমস্ত চাকরির পরীক্ষার কোচিং। এবারের Excise Main লিখিত পরীক্ষায় 80% কমন ছিল। WBP প্রিলি পরীক্ষার ফল খুব শীঘ্রই প্রকাশিত হবে। WBP Main এর ক্লাস শুরু হয়ে গেছে। প্রতিষ্ঠানের কর্ণধারের কথায় 'WBP Constable পরীক্ষায় PMT/PET এর পরে Main পরীক্ষার জন্য বেশি সময় পাওয়া যায় না, তাই যত তাড়াতাড়ি সম্ভব Main এর প্রস্তুতি শুরু করে দেওয়া যায় ততই ভালো হয়।' RPF এর বিজ্ঞপ্তি আসন্ন এখন থেকেই প্রস্তুতি শুরু করুন। ঐই কোচিংয়ে ক্লাস শুরু হয়ে গেছে। রেলওয়ে গ্রুপ ডি Crash Course-এ ভর্তি চলছে 23 শে ফেব্রুয়ারির পরীক্ষার জন্য। এছাড়া ভর্তি চলছে — SSC MTS; WBP SI, ARMY, AIRFORCE, NAVY, কলকাতা পুলিশ, স্কুল সার্ভিস গ্রুপ C ও D। যোগাযোগ : 9733894444, 9547004388, 9733814088.

পুলক রক্ষিত

মারা গেলেন সংস্থার পরিবারের দীর্ঘদিনের সংবাদপত্র বিক্রেতা বন্ধু ও পরম সুহৃদ পুলক রক্ষিত (৩৮ বছর)। তিনি দক্ষিণ দিনাজপুর জেলার বুনিয়াদপুরের এজেন্ট ছিলেন। পরিবারসূত্রে জানা গেছে, তাঁর ব্রেন টিউমার ছিল। তাঁর এই অকাল প্রয়াণে সংস্থান পরিবারের সবাই গভীরভাবে মর্মাহত ও শোকস্তব্ধ।

৩৫৪ অপারেটর, গ্রুপ 'ডি'

১ পাতার পর

মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ৭)।

পোস্ট নং ৩ : ভেহিকল মেকানিক। মাধ্যমিক পাশরা আই.টি.আই., আই.টি.সি. বা, এন.সি.টি.ভি.টি. থেকে মোটর ভেহিক্যাল মেকানিক /ডিজেল /হীট ইঞ্জিন / ইন্টারন্যাল কমবাসসান ইঞ্জিন / ট্রাক্টর ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২৯৩টি (জেনাঃ ১২১, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৫১, তঃউঃজাঃ ২৮, ই.ডব্লু.এস.২৯)।

পোস্ট নং ১ : মাল্টি স্কিল্ড ওয়ার্কার (পেইন্টার)। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে পেইন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ৩৩টি (ও.বি.সি. ২২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২২, ই.ডব্লু.এস. ৩)।

পোস্ট নং ২ : মাল্টি স্কিল্ড ওয়ার্কার (মেস ওয়েটার)। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ১)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১৭-২-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর বিভাগীয় কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি, ফুলিয়ে ৮০ সেমি আর অন্তত ৫০ কেজি ওজন। সিকিম, ত্রিপুরা-সহ উত্তর পূর্বাঞ্চল ও দার্জিলিং জেলার পার্বত্য এলাকার বাসিন্দারা লম্বায় ৫ সেমি ও ওজনে ২.৫ কেজি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/১২ ও খারাপ চোখে ৬/৩৬ আর কাছের বেলায় ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. ড্রাইভার পদের বেলায় চশমা ছাড়া দু'চোখে ৬/১২, ভালো চোখে ৬/৬ কিংবা খারাপ চোখে ৬/৩৬। কাছের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. মহিলারা কোনো পদেই আবেদনের যোগ্য নন। বিজ্ঞপ্তি নং : 02/2021.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তাতে সফল হলে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। তারপর প্রাক্টিক্যাল টেস্ট হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ১০ মিনিটে এক মাইল দৌড়তে হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.bro.nic.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (ক) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে, ১ কপি অ্যাডমিট কার্ডে সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (গ) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (ঘ) পরীক্ষা ফী বাবদ ৫০ টাকার ই-রিসিপ্ট (দরখাস্ত করার আগে টাকা অনলাইনে জমা দেবেন ও ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন) (তপশিলীদের ফী লাগবে না)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF .....CATEGORY UR / SC/ ST/ OBC /EWSS / ESM/CPL. WEIGHTAGE PERCENTAGE IN ESSENTIAL QUALIFICATION.....'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে। পৌঁছনো চাই ১৭ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Commandant, GREF Centre, Dighi Camp, Pune - 411015.

সরকারি স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর ও মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি কোর্সে ভরতি

ইন্ডিয়ান ইন্সটিটিউট ফর হেলথ ট্রেনিং কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর ও মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (DMLT) কোর্সে ভরতি নিচ্ছে। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। মাধ্যমিক যোগ্যতার প্রার্থীরা মেডিক্যাল ল্যাবরেটরি কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। এছাড়াও এখানে CMS, TB ও SWM কোর্স পড়ানো হয়। সব ক্ষেত্রেই থিওরির পাশাপাশি প্র্যাক্টিক্যাল ক্লাস করানো হয়। অনলাইন ক্লাসের সুবিধা রয়েছে। সরকার স্বীকৃত কোর্স করে সরকারি ও বেসরকারি সংস্থায় চাকরি পাওয়া যায়। ভরতির জন্য এখনই যোগাযোগ করতে হবে এই ঠিকানায় :IIHT, 226 B.B. Ganguly Street, Bowbazar, Kol-12, 7003224427, 9836396734, 9051260924, website - www.iiht.in

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের
- যোগ ও নেচারোপ্যাথি ডিপ্লোমা কোর্স (1 Yr.)
- Advanced Diploma in Yoga & Naturopathy (2 yrs.) - Post Graduate Course
- Childhood & Adolescent Counselling (4 months)
- Family Counselling (6 months)

(জানুয়ারী ২০২২) ভর্তি চলছে
শিবানন্দ হেলথ সোসাইটি (P-13), বেলঘড়িয়া, বিন্দু
9239300520, 9432012294

বেরিয়েছে
রেলের গ্রুপ-ডি

লিখিত পরীক্ষা শুরু হবে আগামী ২৩.০২.২০২২ তারিখ থেকে।
ডিসেম্বর সংখ্যা
বাকি আর মাত্র ক'দিন। এই শেষ সময়ে কিভাবে, সিলেবাসের কোন কোন বিষয়ে, কতটা পড়লে পরীক্ষা CRACK করতে পারবেন জানতে আজই কিনুন
সাফল্য সাধারণ জ্ঞান
না পেলে সরাসরি যোগাযোগ করুন : 9830624170

পি.এস.সি.'র

■ ২০১৯ সালের ডব্লু.বি.সি.এস. 'সি' গ্রুপের চূড়ান্ত ফল বেরিয়েছে কি? — অভিককুমার দত্ত, বনগাঁও, শিমুলতলা, উত্তর ২৪ পরগনা।

■■ ১৫ ডিসেম্বর ফল বেরিয়েছে।

■ ফুডের সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — আসিন সেখ, রুকুনপুর, নদিয়া।

■■ আপাতত কোনো খবর নেই।

■ পোস্ট-গ্র্যাজুয়েট করেছি। কোন কোন পদে চাকরি পেতে পারি? ফুডের সাব-ইন্সপেক্টর পদের জন্য দরখাস্ত করতে পারব কি? — সায়ন প্রামাণিক, ইছাপুর, উত্তর ২৪ পরগনা।

■■ ফুডের সাব-ইন্সপেক্টর পদের জন্য যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। পোস্ট-গ্র্যাজুয়েট যোগ্যতায় ডব্লু.বি.সি.এস., পুলিশের সাব-ইন্সপেক্টর, কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল-সহ একাধিক পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারবেন।

■ এবছর গ্র্যাজুয়েট হয়েছি। জন্ম-তারিখ ১৫-৩-২০০১। ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার যে বিজ্ঞপ্তি বেরোবে, দিতে পারব কি? কারণ বয়স ২১ বছর হতে ৩ মাস বাকি। — হাকিম সেখ, ফারাক্কা, মুর্শিদাবাদ।

■■ ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার যে বিজ্ঞপ্তি বেরোবে তাতে, বয়স হতে হবে 'এ', 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৬ থেকে ১-১-২০০১'এর মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৬ থেকে ১-১-২০০২'এর মধ্যে। আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৩ থেকে ১-১-২০০১'এর মধ্যে। সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০২২'এর হিসাবে। আপনি 'বি' গ্রুপের জন্য দরখাস্ত করতে পারবেন।

পুলিশে চাকরির

■ কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — রাজা রায়, বারাসাত, উত্তর ২৪ পরগনা। সেখ ইফতিহার আহমেদ, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে জানুয়ারির শেষে পরীক্ষা হতে পারে।

■ পশ্চিমবঙ্গ পুলিশে লেডি সাব-ইন্সপেক্টর ও ইন্সপেক্টর পদে কবে লোক নেওয়া হবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? — নেহা দেবনাথ, মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা।

■■ পশ্চিমবঙ্গ পুলিশে ইন্সপেক্টর নেওয়া হয় না। নেওয়া হয় সাব-ইন্সপেক্টর পদে। এই পদের জন্য যোগ্যতা লাগে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স হতে হবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। এবছরে এই পদের বিজ্ঞপ্তি বেরিয়ে প্রিলি. পরীক্ষা হয়ে গেছে। এখনো ফল বেরোয়নি। ২০২২ সালে এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোতে দেরি আছে।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

পদ	যোগ্যতা	শূন্যপদ	শেষ তারিখ	ওয়েবসাইট
কেন্দ্রীয় সরকারে অফিসার	গ্র্যাজুয়েট	১৭৪	১৩-১-২২	www.upsconline.nic.in
ইন্ডিয়ান কোস্ট গার্ডে নাবিক ও যান্ত্রিক	মাধ্যমিক ও, উচ্চমাধ্যমিক	৩২২	১৪-১-২২	www.joinindiancoastguard.cdac.in
সিকিউরিটি প্রিন্টিং প্রেসে জুনিয়র টেক, ফায়ারম্যান	মাধ্যমিক, আই.টি.আই.	২৭	১৫-১-২২	http://spphyderabad.spmcil.com
কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার অডিটর, অ্যাসিস্ট্যান্ট, ইন্সপেক্টর	গ্র্যাজুয়েট পাশ	-	২৩-১-২২	www.ssc.nic.in
এন.বি.সি.সি. লিমিটেডে ম্যানেজমেন্ট ট্রেনি	গ্র্যাজুয়েট	৫৫	৮-১-২২	www.nbccindia.com
প্রতিরক্ষা সংস্থায় সাব-ডিভিশনাল অফিসার	মাধ্যমিক ও সার্ভেয়িং	৮৯	১৫-১-২২	https://barrackpore.cantt.gov.in
এন.বি.সি.সি. (ইন্ডিয়া)-তে এক্সিকিউটিভ	এম.বি.এ. ও পোস্ট-গ্র্যাজুয়েট	১২	১৩-১-২২	www.nbccindia.ac
আই.সি.এ.আর.-ইন্ডিয়ান অ্যাগ্রিকালচারাল রিসার্চ ইন্সটিটিউটে টেকনিশিয়ান	মাধ্যমিক	৬৪১	১০-১-২২	www.iari.res.in
সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে কার ড্রাইভার	মাধ্যমিক পাশ	২৪	৮-২-২২	www.cgwb.gov.in
সমবায় ব্যাঙ্কে অফিসার	গ্র্যাজুয়েট	৪৮	২১-১-২২	www.webcsc.org
ইউ.পি.এস.সি.'র এন.ডি.এ-এন.এ. পরীক্ষার মাধ্যমে ৩ বাহিনীতে অফিসার	HS পাশ	৪০০	১১-১-২২	www.upsconline.nic.in
ইউ.পি.এস.সি.'র কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসের মাধ্যমে ৩ বাহিনীতে অফিসার	গ্র্যাজুয়েট পাশ	৩৪১	১১-১-২২	www.upsconline.nic.in
অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার মাধ্যমে অডিট অফিসার	কমার্স শাখার গ্র্যাজুয়েট	-	-	www.pscwbapplication.in

জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

রেলে চাকরির

■ রেলের এনটিপিসি ক্যাটেগরির জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? বয়স কত থাকতে হবে? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — পারমিতা দত্তগুপ্ত, বিরাটি, উত্তর ২৪ পরগনা। পার্থ নিয়োগী, বেহালা, কলকাতা।

■■ ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক যোগ্যতায় জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র টাইমকীপার, ট্রেন্স ক্লার্ক, কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ও গ্র্যাজুয়েট যোগ্যতায় ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট, গুডস গার্ড, সিনিয়র কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট, সিনিয়র টাইমকীপার, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও স্টেশন মাস্টার পদে লোক নেওয়া হয়। বয়স হতে হবে গ্র্যাজুয়েটদের বেলায় ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে আর উচ্চমাধ্যমিক পাশদের বেলায় ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাইয়ের প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই সব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। এই পদের জন্য প্রথম পর্যায়ের পরীক্ষা হয়ে গেছে। এরপর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে। এবছর এই পদের বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর আপাতত নেই।

■ মাধ্যমিকে ৪০% নম্বর পেয়েছি। আইটিআই পাশ। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য যোগ্য কি? কোন কোন ট্রেডে আইটিআই পাশ হলে যোগ্য? — পরিমল হাজরা, বনগাঁও, উত্তর ২৪ পরগনা। সিরাজ আলি লস্কর, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ হ্যাঁ, যোগ্য। মাধ্যমিক পাশরা স্বীকৃত আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক্স, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ হলে অ্যাসিস্টান্ট লোকো পাইলট পদের জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য। পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের উচ্চ শিক্ষাগত যোগ্যতার ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন।

সাধারণ জ্ঞান

সাধারণ বিজ্ঞান

১। 'কেলা' কোন শ্রেণির লিভারের অন্তর্গত — প্রথম শ্রেণি।

২। তাপ বিকিরণ মাপার যন্ত্রকে কী বলে — রেডিও মাইক্রোমিটার।

৩। বেকারি শিল্পে কেক ও পাউরুটি তৈরিতে কোন ছত্রাক ব্যবহৃত হয় — ঈস্ট।

৪। দেহ পরিপোষক খাদ্য কোনটি — প্রোটিন।

৫। উদ্ভিদদেহে কোন খনিজের অভাবে 'ক্লোরোসিস' রোগ দেখা যায় — ম্যাগনেশিয়াম।

৬। কোন উদ্ভিদ সালোকসংশ্লেষে অক্ষম — ঈস্ট।

৭। ফণীমনসার কিরকম অভিযোজন দেখা যায় — জাঙ্গল।

৮। কোন উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম দেখা যায় না — নারকেল।

৯। 'বায়োজেনেটিক' তত্ত্বের প্রবক্তা

কে — আর্নস্ট হেকেল।

১০। সংশ্লেষের ফলে সৃষ্ট জাইগোটকে কী বলে — জুস্পোর।

ইতিহাস

১১। 'মনা' কী — বৈদিক যুগে ব্যবহৃত মুদ্রা।

১২। গৌতম বুদ্ধের ধর্মমত প্রচারের ঘটনা বৌদ্ধশাস্ত্রে কী নামে পরিচিত — ধর্মচক্রপ্রবর্তন।

১৩। কোন যুদ্ধের পর ব্রিটিশরা প্রত্যক্ষভাবে ভারত শাসন করতে শুরু করে — সিপাহি বিদ্রোহ।

১৪। ভারতীয়রা কত সালে সিভিল সার্ভিস পরীক্ষা দেওয়ার অধিকার পায় — ১৮৫৮ সালে।

১৫। মোহনদাস করমচাঁদ গান্ধীকে কে 'মিকি মাউস' আখ্যা দেন — সরোজিনী নাইডু।

১৬। অশোক 'মানব জাতির প্রথম ধর্মগুরু' - একথা কে বলেন — ভিনসেন্ট স্মিথ।

১৭। হর্ষবর্ধন কত বছর বয়সে থানেশ্বরের পুষ্যভূতী বংশের সিংহাসনে বসেন — ১৬ বছর।

১৮। প্রাচীন বাংলার সর্বশ্রেষ্ঠ সম্রাট ধর্মপালের প্রধানমন্ত্রী কে ছিলেন — গর্গ নামে এক ব্রাহ্মণ।

১৯। কোন স্তম্ভ লিপি থেকে দেবপালের কৃতিত্ব জানা যায় — বাদাল স্তম্ভ লিপি।

২০। সুলতানদের মধ্যে কে প্রথম

'ইক্তা' ব্যবস্থার প্রবর্তন করেন — ইলতুৎমিস।

ভূগোল

২১। ভারতের কোন অঞ্চলে প্রথম খনিজ তেল পাওয়া যায় — উত্তর-পূর্ব অসমে।

২২। গ্রানাইট শিলা গঠিত অঞ্চলের ভূমিরূপ কেমন হয় — গোলাকার।

২৩। মেরুপ্রদেশের কাছাকাছি স্থানসমূহের অক্ষাংশকে কী বলে — উচ্চ অক্ষাংশ।

২৪। ভাবরের দক্ষিণে জঙ্গলে ঢাকা জলাভূমিকে কী বলে — তরাই।

২৫। তির্যক বালিয়াড়ির আরেক নাম কী — বার্খান।

২৬। বায়ুমণ্ডলের কোন স্তরের মধ্যে মেঘ, ঝড়-ঝঞ্ঝা ইত্যাদি সৃষ্টি হয় — ট্রপোস্ফিয়ার।

২৭। স্টিভেনসন স্ক্রিনের সাহায্যে কী করা হয় — বায়ুর উষ্ণতা পরিমাপ করা হয়।

২৮। শাল, সেগুন, চন্দন ইত্যাদি গাছ কী জাতীয় বনভূমির অন্তর্গত — পর্ণমোচী বনভূমি।

২৯। কালবৈশাখীর সময় উত্তর-পশ্চিম আকাশে কী মেঘ দেখা যায় — কিউমুলো-নিম্বাস।

অর্থনীতি

৩০। প্রাক্তন যোদ্ধা বা যুদ্ধের কারণে স্বামী হারানো বিধবাদের সন্তানদের আর্থিক সহায়তা দিতে, কোন ব্যাঙ্ক সম্প্রতি কেন্দ্রীয় সৈনিক বোর্ডের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল — ভারতীয় স্টেট ব্যাঙ্ক।

৩১। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'মিল্ক প্রাইস ইনসেন্টিভ স্কিম' চালু করল — উত্তরাখণ্ড।

৩২। 'উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ইত্তিরা ডেভিস।

৩৩। 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জীব মেহতা।

সঙ্কলক : পলি দেওয়ান

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 2 ■ 8 January, 2022 ■ 7

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষা শুরু হবে ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি থেকে। হাতে আর মাত্র কয়েক মাস। এই পরীক্ষাতে প্রশ্ন কেমন আসবে, সিলেবাস কী, কীভাবে পড়লে লিখিত পরীক্ষায় সহজেই পাশ করতে পারবেন। প্রত্যেকটি বড় পরীক্ষার আগেই ওই পরীক্ষা নিয়ে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে, তাতে সবাই 'লাস্ট মিনিট সাজেশন' দেওয়ার অনুরোধ করেন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং পরীক্ষা অর্থাৎ, এবছরে হওয়া সব পড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়া রেলের NTPC পদের CBT-1 পরীক্ষাতেও অনেক প্রশ্ন হুবহু কমন এসেছো সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এই পরীক্ষার ৫০টি প্রশ্নোত্তর দেওয়া হল। পরিকল্পনা ও রূপায়নে রঞ্জিৎ ঘোষ।

'লাস্ট মিনিট সাজেশন'

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার

ই-মেল : karmajiggasa@gmail.com

1. বাদশা খান কাকে বলা হয়?
(A) আবুল কালাম আজাদ (B) মহম্মদ আলি জিন্না (C) খান আব্দুল গফফর খান (D) খান আব্দুল ওয়ালি খান

2. $2^2 - 3^3 + 4^3 - 6^2 = ?$
(A) 5 (B) 4 (C) 3 (D) 2

3. Microsoft Corporation প্রতিষ্ঠিত হয়েছিল কত সালে?
(A) 1975 (B) 1979 (C) 1978 (D) 1972

4. কলকাতাকে 'আলিনগর' নামকরণ কে করেছিলেন?
(A) সিরাজ-উদ্-দৌল্লা (B) বাহাদুর শাহ আলম (C) মীরজাফর (D) মীরকাশিম

5. পেগাসাস সফটওয়্যার কোন দেশ প্রস্তুত করেছে?
(A) ইজরায়েল (B) ফ্রান্স (C) কানাডা (D) মার্কিন যুক্তরাষ্ট্র

6. নিচের কোন চিত্রটি আলাদা?



7. JL ও WZ -এর মধ্যে যা সম্পর্ক আছে, নিচের কোনটির মধ্যে সেই সম্পর্ক আছে?
(A) AC ও RU (B) AB ও PW (C) PR ও LM (D) TU ও WX

8. নিচের কোনটি উদ্ভিদ হরমোন?
(A) সাইটোকিনিন (B) থাইরক্সিন (C) অক্সিজেন (D) ইনসুলিন

9. কার ছদ্মনাম 'ধুমকেতু'?
(A) কাজি নজরুল ইসলাম (B) সত্যজিৎ রায় (C) সুনীল গঙ্গোপাধ্যায় (D) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

10. মণিপুরি : Dance তাহলে উর্দু : ?
(A) মুসলিম (B) ড্রামা (C) পোয়েট্রি (D) ল্যাংগুয়েজ

11. কান্ডালা কী নামে পরিচিত?
(A) বন্দর (B) এয়ারপোর্ট (C) পাহাড় (D) মৎস্য কেন্দ্র

12. Pyrheliometer যন্ত্র দিয়ে নিচের কোনটি মাপা হয়?
(A) বাতাসের আদ্রতা (B) সোলার রেডিয়েশন (C) গ্রহের উষ্ণতা (D) কোনোটিই নয়

13. নিচের কোনটি জলবাহিত রোগ?
(A) কলেরা (B) ম্যালেরিয়া (C) স্মল পক্স (D) টিবি

14. এক গ্লাস পানীয় জল পান করলে কত ক্যালোরি পাওয়া যায়?
(A) শূন্য (B) 15 (C) 50 (D) 25

15. 'গ্রীন মাফলার' নিচের কোনটির সঙ্গে সম্পর্কযুক্ত?
(A) বায়ু দুষণ (B) শব্দ দুষণ (C) জল দুষণ (D) মৃত্তিকা দূষণ

16. বৌদ্ধধর্ম 'ত্রিপিটক' কোন লিপিতে লেখা হয়েছিল?
(A) পালি (B) হিন্দি (C) বাংলা (D) সংস্কৃত

17. একটি কাজ A যথাক্রমে 10 ও 15 দিনে শেষ করে। A প্রথমে 4 দিন করার পর B 5 দিন কাজটি করে। অবশিষ্ট কাজটি C 8 দিনে শেষ করে। তিনজন একসঙ্গে করলে কাজটি কতদিনে শেষ হত?
(A) 5 দিন (B) 3 দিন (C) 7 দিন (D) 8 দিন

18. 16, 21, 28-এর ল.সা.গু. কত?
(A) 354 (B) 320 (C) 336 (D) 300

19. 225-এর বর্গমূল কত?
(A) 15 (B) 25 (C) 5 (D) 20

20. পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ। 12 বছর পর যদি পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হয়, তবে পুত্রের বর্তমান বয়স কত?
(A) 10 বছর (B) 14 বছর (C) 12 বছর (D) 36 বছর

21. ডাক্তার : নার্স হলে, পুলিশ ইন্সপেক্টর : ?
(A) চোর (B) পিস্তল (C) জেল (D) কনস্টেবল

22. নিচের ভগ্নাংশ অনুপাতে চতুর্থ ভগ্নাংশটি কত?
$\frac{1}{3}, \frac{1}{6}, \frac{1}{9}, ?$
(A) $\frac{1}{18}$ (B) $\frac{1}{27}$ (C) $\frac{1}{3}$ (D) $\frac{1}{6}$

23. প্লাটফর্মে দাঁড়িয়ে এক ব্যক্তি দেখেন যে, একটি এক্সপ্রেস ট্রেন তাকে 15 সেকেন্ডে অতিক্রম করে। যদি এক্সপ্রেস ট্রেনটির গতিবেগ 60 কিমি / ঘন্টা হয় তবে ট্রেনটির দৈর্ঘ্য কত?
(A) 250 মিটার (B) 300 মিটার
(C) 200 মিটার (D) 150 মিটার

24. Number : Mathematics :: Notes : ?
(A) কারেন্সি (B) ল্যাংগুয়েজ (C) মিউজিক (D) ডক্টর

25. তেহরি বাঁধ কোন নদীর উপর অবস্থিত?
(A) গঙ্গা (B) ইছামতী (C) ইরাবতী (D) রবি

26. XVWU : TRSQ = LJKI : ?
(A) EFGH (B) HFGH (C) HFGE (D) HGEE

27. 'Three Years in Tibet' - এটি হল —
(A) একটি গল্পের বই B) অ্যাডভেঞ্চার সম্পর্কিত বই (C) একটি ভ্রমণের বই (D) কোনোটিই নয়

28. দুধ-গঙ্গা নদীটি কোথায় অবস্থিত?
(A) হিমাচলপ্রদেশ (B) উত্তরাখন্ড (C) জম্মু ও কাশীর (D) পশ্চিমবঙ্গ

29. ভারতবর্ষের দীর্ঘতম সড়ক কোনটি?
(A) NH 17 (B) NH 44 (C) NH 10 (D) NH 60

30. মালাকে দেখিয়ে লীনা বললো, 'ও আমার ভাইয়ের একমাত্র বোনের মেয়ে' মালা, লীনার কে হয়?
(A) মা (B) মেয়ে (C) মাসি (D) ভাইঝি

31. 3টি দরজা ও 5টি জানলার দাম 487 টাকা। 5টি দরজা ও 3টি জানলার দাম 561 টাকা। একটি দরজার দাম কত?
(A) 47 টাকা (B) 56 টাকা
(C) 76 টাকা (D) 84 টাকা

32. 15 ও 160 এর মধ্যে কতগুলি সংখ্যা 17 দিয়ে বিভাজ্য কিন্তু 4 দিয়ে বিভাজ্য নয়?
(A) 5 (B) 2 (C) 7 (D) 4

33. A যার ভাই B-এর দেওয়া পার্টিতে, B-এর কন্যা C, C-এর ভাই D, D-এর সঙ্গে A-এর কী সম্পর্ক?
(A) Maternal uncle (B) Uncle
(C) কোনো সম্পর্ক নেই (D) Nephew

34. একজন বইবিক্রেতা 10 টাকায় 11 টি পেন্সিল কিনে 10টি পেন্সিল 11 টাকায় বিক্রি করেন। তিনি কত শতাংশ লাভ করলেন?
(A) 11 (B) 20 (C) 15 (D) 21

35. A আর B দুই ভাই। C আর D দুই বোন। A-র ছেলে হল D -র ভাই। B, C-এর কে?
(A) বাবা (B) ভাই (C) কাকা (D) কোনটাই নয়

36. একজন ফল বিক্রেতা 10% ক্ষতিতে ফল বিক্রি করে। ফলের ক্রয়মূল্য 250 টাকা হলে, বিক্রয়মূল্য কত?
(A) 225 টাকা (B) 240 টাকা (C) 235 টাকা (D) 230 টাকা

37. আগামীকাল যদি রবিবার হয়, তাহলে গতকাল কী বার ছিল?
(A) বুধবার (B) বৃহস্পতিবার (C) শুক্রবার (D) শনিবার

38. সরলতম নির্ণয় করুন : $1 + \frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{8}$
(A) $1\frac{3}{8}$ (B) $1\frac{5}{8}$ (C) $1\frac{3}{4}$ (D) $1\frac{7}{8}$

39. এক ব্যক্তি বাড়ি থেকে যাত্রা শুরু করে 8km পূর্বদিকে যায়, তারপর বাঁদিকে ঘুরে 3km হাঁটে ও আবার বাঁদিকে ঘুরে 8km হাঁটে। যাত্রা শুরু থেকে সে কতটা দূরত্বে আছে?
(A) 5 km (B) 4 km (C) 6 km (D) 3 km

40. 50 টাকায় 20 টি দরে লেবু কিনে 700 টাকায় কয়টি লেবু বিক্রয় করলে 40% লাভ হবে?
a) 100 b) 150 c) 200 d) 250

41. নিচের কোনটি ভারতের সর্বোচ্চ অসামরিক পুরস্কার?
(A) ভারতরত্ন (B) পদ্মশ্রী
(C) পদ্মবিভূষণ (D) পদ্মভূষণ

42. 'গীতাঞ্জলী' কাব্যগ্রন্থটি কে লিখেছেন?
(A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (C) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (D) মাইকেল মধুসূদন দত্ত

43. একটি পরীক্ষায় অঙ্কে 35%, ইংরিজিতে 15% ফেল করে। যদি দু'টি বিষয়ে 10% ফেল করে, পাশের শতকরা হার কত?
(A) 60% (B) 40% (C) 35% (D) 25%

44. রেলের কোচ তৈরির কারখানা 'ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি' কোথায় অবস্থিত?
(A) কলকাতা (B) আসানসোল
(C) বিহার (D) চেন্নাই

45. 'আন্তর্জাতিক নারী দিবস' কবে পালিত হয়?
(A) 21 এপ্রিল (B) 2 মার্চ
(C) 1 মে (D) 8 মার্চ

46. Hockey : India :: Baseball : ?
(A) কানাডা (B) মেক্সিকো
(C) ইংল্যান্ড (D) আমেরিকা

47. এক টাকার দশ পয়সার শতকরা হার কত?
(A) শতকরা 10 (B) শতকরা 100
(C) শতকরা 1 (D) শতকরা 0.1

48. একটি ওলা ট্যাক্সি 200 কিমি-র জন্য 260 টাকা ভাড়া নেয়। 279.50 টাকায় কত দুর যাবে?
(A) 200 কিমি (B) 210 কিমি
(C) 201 কিমি (D) 215 কিমি

49. কোন শহরকে গোলাপী শহর বলা হয়?
(A) জয়পুর (B) বিহার
(C) পশ্চিমবঙ্গ (D) যোধপুর

50. 15 সেমি ক্ষেত্রবিশিষ্ট ও 8 সেমি উচ্চতা বিশিষ্ট একটি ত্রিভুজের ক্ষেত্রফল কত?
(A) 90 বর্গসেমি (B) 30 বর্গসেমি
(C) 60 বর্গসেমি (D) 120 বর্গসেমি

উত্তর

1(C). 2(A). 3(A). 4(A). 5(A). 6(C). 7(A). 8(A). 9(A). 10(D). 11(A). 12(B). 13(A). 14(A). 15(B). 16(A). 17(A). 18(C). 19(A). 20(C). 21(D). 22(A). 23(A). 24(C). 25(A). 26(C). 27(C). 28(C). 29(B). 30(B). 31(D). 32(C). 33(D). 34(D). 35(C). 36(A). 37(C). 38(D). 39(D). 40(C). 41(A). 42(A). 43(A). 44(D). 45(D). 46(D). 47(A). 48(D). 49(A). 50(C).

১১ নার্স

১ পাতার পর

বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ১১টি। এর মধ্যে এন.ইউ.এইচ.এম.-২টি (জেনাঃ ১, তঃজাঃ ১) আর চাইল্ড হেলথ এন.আর.সি. -তে ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in দরখাস্ত করার আগে ১০০ (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৫০) টাকার ডিমান্ড ড্রাফট কাটবেন। 'District Health & Family Welfare Samiti, Jhargram-এর অনুকূলে ও পেয়েবেল অ্যাট লিখবেন 'Jhargram'. অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে ওই দরখাস্ত ডাকে পাঠাবেন। তখন সঙ্গে দেবেন ড্রাফটের মূল। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পীড ডাকে, ১৩ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : Office of the Chief Medical Officer of Health, Jhargram, P.O.- Raghunathpur (Jhargram District Hospital Complex), Jhargarm, Pin - 721 507.

৮ ট্রেনি ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা : ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার - I' পদে ৮ জন লোক নিচ্ছে। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ই অ্যান্ড টি, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১২-২০২১'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। ১ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। চাকরি হবে মুম্বাইয়ে। শূন্যপদ : ৮টি (জেনাঃ ২, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ২ বছরের চুক্তিতে। প্রয়োজনে আরো ১ বছর বাড়তে পারে। পারিশ্রমিক প্রথম বছর মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৩৫,০০০ টাকা ও তৃতীয় বছর ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর ও অভিজ্ঞতা দেখে। এরপর হবে ইন্টারভিউ। দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে বা, স্পীড ডাকে। পৌঁছনো চাই ১১ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Deputy Manager (HR / Military Communication SBU), Bharat Electronics Limited, Jalahali Post, Bengaluru - 560013.

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill :